# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩ দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
ফ্যাক্স; ৯০৩৫০৫৭
www.hbri.gov.bd

স্মারক নং; ২৫.৪৪.২৬০০.০০০.১১.০১০.১৫- ৫৪ তারিখ; ২৮-০১-২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের উদ্দেশ্য-কে সামনে রেখে ভূমিকম্প সহনশীল ও পরিবেশ বান্ধব নির্মাণ সামগ্রী তৈরিতে এইচবিআরআই ব্যাপক গবেষণা করে আসছে। এ উদ্দেশ্যকে সফল করা এবং প্রতিষ্ঠানের চলমান গবেষণা কার্যক্রম তরান্বিত করার জন্য এইচবিআরআই কিছু গবেষণামনা উদ্যমী, অভিজ্ঞ জনবল নিয়োগ দিতে যাচ্ছে। যারা গবেষণায় আগ্রহী তাদের জন্য এইচবিআরআই একটি উপযুক্ত গবেষণা প্রতিষ্ঠান। এখানে উল্লেখ্য যে, এইচবিআরআই তে গবেষনার জন্য রয়েছে সুন্দর পরিবেশ এবং বিভিন্ন রকমের সুযোগ সুবিধা। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০৪.০০০০.০১৪.০৫.০১৪.০৪-৩৬২, তারিখ; ২১-০৯-২০২০ এর প্রেক্ষিতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস-সালাম, মিরপুর, ঢাকায় নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমঃ | পদের নাম ও বেতনস্কেল (২০১৫ সনের জাতীয় স্কেল) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন যোগ্য নহে |
|---|---|---|---|---|
| ১। | রিসার্চ অফিসার/রিসার্চ ইঞ্জিনিয়ার (বিল্ডিং মেটেরিয়েলস ডিভিশন) ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/ফলিত রসায়ন/ ভূগোল/পদার্থ বিদ্যায় সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কেমিক্যাল প্রকৌশলে স্নাতক ডিগ্রী। গৃহনির্মাণ সামগ্রী বিষয়ক গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | রিসার্চ অফিসার/রিসার্চ ইঞ্জিনিয়ার (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার এন্ড কন্সট্রাকশন ডিভিশন) ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | ২(দুই)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে স্নাতক ডিগ্রি। গৃহ নির্মাণ ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে গবেষণার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |
| ৩। | রিসার্চ এসোসিয়েট (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার এন্ড কন্সট্রাকশন ডিভিশন) ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে পুরকৌশলে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |
| ৪। | রিসার্চ এসোসিয়েট (সয়েল মেকানিক্স এন্ড ফাউন্ডেশন ইঞ্জিনিয়ারিং ডিভিশন) ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) | ২(দুই)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/পদার্থ বিদ্যা/মৃত্তিকা বিজ্ঞানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে পুরকৌশলে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |
| ৫। | রিসার্চ এসোসিয়েট (বিল্ডিং মেটেরিয়েলস ডিভিশন) ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) | ২(দুই)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/গণিত শাস্ত্র/ পদার্থ বিদ্যাসহ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। গৃহনির্মাণ সামগ্রী বিষয়ে গবেষণা কার্যে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |
| ৬। | রিসার্চ এসোসিয়েট (হাউজিংডিভিশন) ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে স্থাপত্যে ডিপ্লোমা ডিগ্রি। সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |
| ৭। | রিসার্চ এসিসটেন্ট (বিল্ডিং মেটেরিয়ালসডিভিশন) ১২,৫০০-৩০,২৩০/- (১১তম গ্রেড) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/গণিত শাস্ত্র/ পদার্থ বিদ্যাসহ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। | ঐ |
| ৮। | সিনিয়র ড্রাফটসম্যান ১১,৩০০-২৭,৩০০/-(১২তম গ্রেড) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে আর্কিটেকচার/ বিল্ডিং ড্রাফটিং এ সনদপত্র এবং ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। | ঐ |
| ৯। | জুনিয়র ড্রাফটসম্যান ১১,০০০-২৬,৫৯০/-(১৩তম গ্রেড) | ১(এক)টি | স্থাপত্য/বিল্ডিং ড্রাফটিং এ সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |
| ১০। | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬.৫৯০/- (১৩তম গ্রেড) | ১(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) প্রতি মিনিটে সাঁটলিপি লিখনে বাংলায় ৫০ এবং ইংরেজিতে ৮০ শব্দের গতি ও প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকিতে হইবে। | ঐ |
| ১১। | ক্যাশিয়ার ১০,২০০-২৪,৬৮০/- (১৪তম গ্রেড) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা। | নোয়াখালী, রাজশাহী, পটুয়াখালী, ফরিদপুর, নেত্রকোনা, বাগেরহাট, শেরপুর, ময়মনসিংহ, নওগাঁ ঢাকা, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, মাদারিপুর, চাঁদপুর, গোপালগঞ্জ, লক্ষ্মীপুর, রংপুর, জয়পুরহাট, কুষ্টিয়া, বরিশাল, পিরোজপুর। |
| ১২। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/-(১৬তম গ্রেড) | ৩(তিন)টি | (ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকিতে হইবে। | ঐ |

| ক্রমঃ | পদের নাম ও বেতনস্কেল (২০১৫ সনের জাতীয় স্কেল) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন যোগ্য নহে |
|---|---|---|---|---|
| ১৩। | ড্রিলিং এসিসটেন্ট ৯,৩০০-২২,৪৯০/-(১৬তম গ্রেড) | ১(এক)টি | ড্রিলিং কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | নোয়াখালী, রাজশাহী, পটুয়াখালী, ফরিদপুর, নেত্রকোনা, বাগেরহাট, শেরপুর, ময়মনসিংহ, নওগাঁ ঢাকা, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, মাদারিপুর, চাঁদপুর, গোপালগঞ্জ, লক্ষ্মীপুর, রংপুর, জয়পুরহাট, কুষ্টিয়া, বরিশাল, পিরোজপুর। |
| ১৪। | পাম্প ড্রাইভার ৯,০০০-২১,৮০০/- (১৭তম গ্রেড) | ১(এক)টি | পাম্প চালনার ০৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী উত্তীর্ণ। | ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, খাগড়াছড়ি, বি-বাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, কুমিল্লা, মাদারিপুর, গোপালগঞ্জ, চাঁদপুর, লক্ষ্মীপুর, জয়পুরহাট, রংপুর, কুষ্টিয়া, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালী, ভোলা। |

শর্তসমূহঃ

১. কেবলমাত্র অনলাইনে http://career.hbri.gov.bd আবেদন করতে হবে। সরাসরি বা ডাকযোগে কোন আবেদন গ্রহন করা হবে না।

২. আবেদন ফি অনলাইনে নগদ সেবার মাধ্যমে পরিশোধ করতে হবে।

৩. অনলাইনে আবেদনকালে প্রয়োজনীয় কাগজপত্রাদি, ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে।

৪. এমসিকিউ (MCQ) ও লিখিত পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হবে। MCQ তে ন্যূনতম পাশ নম্বর থাকবে।

৫. প্রার্থীর বয়স ০১-০১-২০২১ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।

৬. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও অন্যান্য কাগজের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ বিজ্ঞপ্তিতে চাওয়া শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীতা যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯. চাকুরিতে নিয়োগ লাভের ব্যাপারে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমান করবে।

১০. নিয়োগপত্র জারীর পরও স্বাস্থ্যগত পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশনে কোন অসঙ্গতি থাকলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১১. আবেদন শুরুর তারিখ ০১-০২-২০২১। আবেদনর শেষ তারিখ ২৮-০২-২০২১।

১২. পরীক্ষার প্রবেশপত্র www.hbri.gov.bd হতে অনলাইনে সংগ্রহ করতে হবে ১০ মার্চ, ২০২১ তারিখের মধ্যে।

১৩. পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় প্রবেশপত্রে উল্লেখ করা থাকবে।

24/01/2021

(মোঃ আকতার হোসেন সরকার)
প্রিন্সিপ্যাল রিসার্চ অফিসার
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
ফোন; ৫৮০৫৫২৪৫

# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩ দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
ফ্যাক্স; ৯০৩৫০৫৭
www.hbri.gov.bd

স্মারক নং; ২৫.৪৪.২৬০০.০০০.১১.০১০.১৫-৫৮ — তারিখ; ২৮-০১-২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের উদ্দেশ্য-কে সামনে রেখে ভূমিকম্প সহনশীল ও পরিবেশ বান্ধব নির্মাণ সামগ্রী তৈরিতে এইচবিআরআই ব্যাপক গবেষণা করে আসছে। এ উদ্দেশ্যকে সফল করা এবং প্রতিষ্ঠানের চলমান গবেষণা কার্যক্রম তরান্বিত করার জন্য এইচবিআরআই কিছু গবেষণামনা উদ্যমী, অভিজ্ঞ জনবল নিয়োগ দিতে যাচ্ছে। যারা গবেষণায় আগ্রহী তাদের জন্য এইচবিআরআই একটি উপযুক্ত গবেষণা প্রতিষ্ঠান। এখানে উল্লেখ্য যে, এইচবিআরআই তে গবেষনার জন্য রয়েছে সুন্দর পরিবেশ এবং বিভিন্ন রকমের সুযোগ সুবিধা। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রালয়ের স্মারক নং-২৫.০৪.০০০০.০১৪.০৫.০১৪.০৪-৩৬২, তারিখ; ২১-০৯-২০২০ এর প্রেক্ষিতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস-সালাম, মিরপুর, ঢাকায় নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমঃ | পদের নাম ও বেতনস্কেল (২০১৫ সনের জাতীয় স্কেল) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন যোগ্য নহে |
|---|---|---|---|---|
| ১। | সিনিয়র রিসার্চ অফিসার/সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার এন্ড কন্সট্রাকশন ডিভিশন) ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ষ্ঠ গ্রেড) | ১(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল/পদার্থ বিদ্যা/ জিওলোজি/মৃত্তিকা বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীসহ গৃহ নির্মাণ ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং বিষয়ক গবেষণা কাজে ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা;এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৫(পাঁচ) টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। (Ph.D ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।) | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তসমূহঃ**

১. কেবলমাত্র অনলাইনে http://career.hbri.gov.bd আবেদন করতে হবে। সরাসরি বা ডাকযোগে কোন আবেদন গ্রহন করা হবে না।
২. আবেদন ফি অনলাইনে নগদ সেবার মাধ্যমে পরিশোধ করতে হবে।
৩. অনলাইনে আবেদনকালে প্রয়োজনীয় কাগজপত্রাদি, ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে।
৪. এমসিকিউ (MCQ) ও লিখিত পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হবে। MCQ তে ন্যূনতম পাশ নম্বর থাকবে।
৫. প্রার্থীর বয়স ০১-০১-২০২১ তারিখে সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে।
৬. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও অন্যান্য কাগজের মূল কপি প্রদর্শন করতে হবে।
৭. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ বিজ্ঞপ্তিতে চাওয়া শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীতা যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৮. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯. চাকুরিতে নিয়োগ লাভের ব্যাপারে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমান করবে।
১০. নিয়োগপত্র জারীর পরও স্বাস্থ্যগত পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশনে কোন অসঙ্গতি থাকলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
১১. আবেদন শুরুর তারিখ ০১-০২-২০২১। আবেদনর শেষ তারিখ ২৮-০২-২০২১।
১২. পরীক্ষার প্রবেশপত্র www.hbri.gov.bd হতে অনলাইনে সংগ্রহ করতে হবে ১০ মার্চ, ২০২১ তারিখের মধ্যে।
১৩. পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় প্রবেশপত্রে উল্লেখ করা থাকবে।

২৮/০১/২০২১

**(মোঃ আকতার হোসেন সরকার)**
প্রিন্সিপ্যাল রিসার্চ অফিসার
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
ফোন; ৫৮০৫৫২৪৫